WSP

# Eramax Vet

Erythromycin, Neomycin, Sulfadimidine,
Trimethoprim & Bromhexine

**উপাদান**

প্রতি গ্রাম পাউডারে রয়েছে ইরিথ্রোমাইসিন এস্টোলেট ইউএসপি যা ২৫ মি.গ্রা. ইরিথ্রোমাইসিন এর সমতুল্য, নিওমাইসিন সালফেট বিপি যা ৩৫ মি.গ্রা. নিওমাইসিন এর সমতুল্য, সালফাডিমিডিন সোডিয়াম বিপি যা ১০০ মি.গ্রা. সালফাডিমিডিন এর সমতুল্য, ট্রাইমেথোপ্রিম বিপি ১৮ মি.গ্রা. এবং ব্রোমহেক্সিন হাইড্রোক্লোরাইড বিপি যা ১.৫ মি.গ্রা. ব্রোমহেক্সিন এর সমতুল্য।

**ফার্মাকোলজি**

ইরিথ্রোমাইসিন ব্যাকটেরিয়া কোষের ৫০-এস রাইবসোমাল সাব-ইউনিটের সাথে যুক্ত হয়ে প্রোটিন সংশ্লেষণে বাধা প্রদান করে যার ফলে ব্যাকটেরিয়া মারা যায়। নিওমাইসিন ব্যাকটেরিয়ার ৩০-এস সাব-ইউনিটের সাথে যুক্ত হয়ে প্রোটিন সংশ্লেষণে বাধা প্রদান করে। সালফাডিমিডিন ও ট্রাইমেথোপ্রিম ফলিক এসিড তৈরিতে বাধা দিয়ে ব্যাকটেরিয়াকে ধ্বংস করে। অপরদিকে ব্রোমহেক্সিন মুরগীর শ্বাসতন্ত্রে জমে থাকা মিউকাসকে তরল করে দেয়।

**নির্দেশনা**

মাইকোপ্লাজমোসিস, কলিব্যাসিলোসিস, এনটারাইটিস, ব্রঙ্কোনিউমোনিয়া, সিআরডি, ইনফেকসাস্ করাইজা, সালমোনেলোসিস, ফাউল টাইফয়েড, ফাউল কলেরা ইত্যাদি চিকিৎসায় নির্দেশিত। এন্টিব্যাকটেরিয়াল রেজিস্ট্যান্সজনিত কারণে যখন অন্যান্য এন্টিবায়োটিক ও কেমোথেরাপিউটিক এজেন্টগুলো তাদের কার্যকারিতা প্রদর্শন করতে ব্যর্থ হয় তখন এই পাউডার ব্যবহারে ভাল ফল পাওয়া যায়।

**প্রয়োগমাত্রা ও প্রয়োগবিধি**

০.৫-১ গ্রাম প্রতি লিটার খাবার পানিতে মিশিয়ে ৩-৫ দিন খাওয়াতে হবে। অথবা, রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

**প্রতিনির্দেশনা**

ইরিথ্রোমাইসিন, নিওমাইসিন, সালফাডিমিডিন, ট্রাইমেথোপ্রিম ও ব্রোমহেক্সিন এর প্রতি সংবেদনশীল প্রাণির ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**সাবধানতা ও সতর্কতা**

ওষুধযুক্ত পানি প্রতিদিন প্রয়োগের সময় স্বাস্থ্যকর ভাবে প্রস্তুত করতে হবে। ঔষধ প্রয়োগের পরপরই খাবার পানি দেয়া যাবে না।

**পার্শ্বপ্রতিক্রিয়া**

সাধারণ- নির্ধারিত মাত্রায় মুখে খাওয়ানো হলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

দুর্লভ- নেই।

**অন্যান্য ওষুধের সাথে প্রতিক্রিয়া**

ওষুধের সাথে: জানা যায়নি।

খাবার এবং অন্যকিছুর সাথে: জানা যায়নি।

**প্রত্যাহারকাল**

মাংস: প্রয়োগের পর ৫ দিন পর্যন্ত মাংস খাওয়া যাবে না।

ডিম: প্রয়োগের পর ৩ দিন পর্যন্ত ডিম খাওয়া যাবে না।

**সংরক্ষণ**

৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।